



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

www.rakub.org.bd



“মুজিববর্ষের প্রতিশ্রুতি

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি”

সত্যতার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

সাকুলার নং-প্রকা/কব্যবি-৫/২০২০

তারিখ: ১৪-১০-২০২০

বিষয়: শাখা নিয়ন্ত্রণ বিভাগের নাম পরিবর্তন করে ‘মানিলভারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট’ নামকরণ এবং “মানিলভারিং এন্ড টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন সেল” গঠন।

উপর্যুক্ত বিষয়ে ১০.০৯.২০২০ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৫১৯তম সভায় সারসংক্ষেপ উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়:

“সিদ্ধান্ত-২৮.১ ব্যাংক ব্যবস্থাপনার প্রস্তাব মোতাবেক মানিলভারিং প্রতিরোধ আইনের উদ্দেশ্য পূরণকল্পে শাখা নিয়ন্ত্রণ বিভাগকে “মানিলভারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট” নামে নামকরণসহ উক্ত বিভাগের অধীনে নিম্নরূপ জনবলের সমন্বয়ে “মানিলভারিং এন্ড টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন সেল” গঠন করার অনুমোদন দেয়া হলো :

১.	সহকারী মহাব্যবস্থাপক	১
২.	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	১
৩.	মুখ্য কর্মকর্তা	১
৪.	উর্ধ্বতন কর্মকর্তা	১
৫.	ডাটা এন্ট্রি অপারেটর/কম্পিউটার অপারেটর	১

সিদ্ধান্ত-২৮.২ মানিলভারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্টের উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান D-CAMLCO এবং মানিলভারিং এন্ড টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন সেলের সহকারী মহাব্যবস্থাপক সেল প্রধানের দায়িত্ব পালন করবেন।

সিদ্ধান্ত-২৮.৩ ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ “মানিলভারিং এন্ড টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন” সেল এ কর্মরত কর্মকর্তাদের জন্য জরুরি ভিত্তিতে উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে।”

০২। এমতাবস্থায়, রাকাব পরিচালনা পর্ষদের উপরিউক্ত সিদ্ধান্ত মোতাবেক শাখা নিয়ন্ত্রণ বিভাগের নাম পরিবর্তন করে ‘মানিলভারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট’ নামকরণ এবং উক্ত বিভাগের অধীনে “মানিলভারিং এন্ড টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন সেল” নামে একটি সেল গঠন করা হলো। উক্ত সেল নিম্নরূপ কার্যক্রম সম্পাদন করবে :


(ক) ব্যাংকের কেন্দ্রীয় পরিপালন কমিটির সাচিবিক দায়িত্ব পালন ;

(খ) মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে পরিপালনীয় বিষয়সমূহ সম্পাদন;

(গ) কেন্দ্রীয় পরিপালন কমিটি এবং প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার তত্ত্বাবধানে বার্ষিক ভিত্তিতে মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কর্মসূচীর বাস্তবায়ন।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-



(রঞ্জিত কুমার সেন) ১৪/১০/২০২০
উপ-মহাব্যবস্থাপক

তারিখ : ১৪-১০-২০২০

প্রকা/কব্যবি-৩৫/২০২০-২০২১/ ১০২৬ (৪৫৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৬. মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৭. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সাকুলারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
৮. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৯. অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১০. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১. উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১৩. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪. ব্যবস্থাপক (সহকারী মহাব্যবস্থাপক), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৫. সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৬. অফিস নথি।


১৪/১০/২০২০
(মোঃ ওয়াহিদুল কবীর)
সহকারী মহাব্যবস্থাপক